মেহেরপুরে প্রবাসী স্বামীর সাথে মোবাইলে ঝগড়া, স্ত্রীর মরাদেহ উদ্ধার

মালেশিয়ান প্রবাসী স্বামীর সাথে মোবাইল ফোনে ঝগড়া করে বাড়ির পাশে আম গাছে গলায় দড়ি দিয়ে আত্মহত্যা করেছে তানিয়া খাতুন নামের এক গৃহবধু।

তানিয়া খাতুন মেহেরপুর সদর উপজেলার সুবিদপুর গ্রামের মালয়েশিয়া প্রবাসী শামিম হোসেনের স্ত্রী। এক সন্তানের জননী। রবিবার (২১ এপ্রিল) সন্ধ্যার দিকে তাদের বাড়ির পাশের একটি আম গাছ থেকে তানিয়া খাতুনের মরদেহ উদ্ধার করা হয়।

স্থানীয়রা জানান, তানিয়া খাতুন মোবাইল ফোনে তার স্বামীর সাথে কথা বলার কিছুক্ষণ পর বাড়ির পাশের একটি আম গাছে তাকে ঝুলে থাকতে দেখে। পরে সদর থানা পুলিশকে খবর দিলে পুলিশের একটি টিম সেখানে পুলিশ পৌঁছে মরদেহ উদ্ধার করে। পরিবারের লোকজন জানান, মোবাইল ফোনের স্বামীর সাথে ঝগড়া করার পরপরই সে গলায় দড়ি দেয়।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত অফিসার ইনচার্জ (ওসি) কনি মিয়া এই তথ্য নিশ্চিত করেন। তিনি বলেন, মরদেহ উদ্ধার করা হয়েছে। এই ব্যাপারে একটি অপমৃত্য মামলা হয়েছে।পরিবারের লোকজন জানিয়েছেন তার প্রবাসী স্বামীর সাথে মোবাইল ফোনে ঝগড়ার পর আত্মহত্যার পথ বেচে নেই সে।

গাংনীর সাবেক উপজেলা চেয়ারম্যানের মা নিখোঁজ

গাংনী উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান মোরাদ আলীর মা ও করমদী গ্রামের দুখি মন্ডলের স্ত্রী মোছা: জাহানারা খাতুন (৯০)কে খুঁজে

পাওয়া যাচ্ছেনা।

আজ রবিবার (২১ এপ্রিল) দুপুর বেলায় সাবেক উপজেলা চেয়ারম্যান মোরাদ হোসেনের গাংনী উপজেলা শহরের বনবিভাগ পাড়া এলাকার বাড়ির সামনে থেকে ভ্যানে উঠে কোথাও চলে গেছে। অনেক খোঁজাখুজি করেছি। কোথাও পাওয়া যায়নি। এখন পযর্ন্ত সে বাড়িও ফিরে আসেনি।

মোরাদ হোসেনের ছোট ভাই গাংনী মাধ্যমিক স্কুল এন্ড কলেজের শিক্ষক আলমগীর হোসেন জানান, মায়ের মাথায় সামান্য সমস্যা রয়েছে। দুপুরের দিকে আনমনে পথ চলিত কোনো ভ্যানে উঠেছে সে। এখন পর্যন্ত তার কোন খোঁজ খবর না পাওয়ায় পরিবারের লোকজন উদ্বিগ্ন হয়ে পড়েছেন। ইতোমধ্যে এলাকায় মাইকিং করেছেন পরিবারের পক্ষ থেকে।

কোনো সহৃদয় বান ব্যক্তি কোন খোঁজ খবর পাইলে তার ছোট ছেলে আলমগীর হোসেনের মোবাইল নাম্বর ০১৭৪০৫৮৫৫৮৩ জানানোর অনুরোধ জানানো হয়েছে।

গাংনীতে হিট স্ট্রোকে গৃহবধূর মৃত্যু

মেহেরপুরের গাংনীতে হিট স্ট্রোকে শিল্পি খাতুন (৪৫) নামে এক গৃহবধূর মৃত্যু হয়েছে। আজ রবিবার (২১ এপ্রিল) সকাল ৮টায় উপজেলার ষোলটাকা ইউনিয়নের রুয়েরকান্দি গ্রামে এ ঘটনা ঘটে। শিল্পি খাতুন রুয়েরকান্দি গ্রামের আবু তাহেরের স্ত্রী ও পার্শ্ববর্তী আমতৈল গ্রামের বিল্লাল হোসেন মালিথার মেয়ে।

শিল্পি খাতুনের ছেলে রওনক হোসেন জানান, আমার মা সকালে বাড়িতে কাজ করছিলেন। কাজ করতে করতে প্রচণ্ড গরমে হঠাৎ অসুস্থ হয়ে পড়েন। হাসপাতালে নেওয়ার সময় মারা যান তিনি।

রওনক হোসেন আরো বলেন, আমার মায়ের কোনো অসুখ ছিল না। তিনি একজন সুস্থ মানুষ ছিলেন।

চুয়াডাঙ্গা আবহাওয়া অফিস সূত্র জানায়, গত কয়েকদিন ধরে মেহেরপুর ও

পার্শ্ববর্তী চুয়াডাঙ্গা জেলার ওপর দিয়ে তীব্র তাপদাহ বয়ে যাচ্ছে। গতকাল শনিবার সন্ধ্যায় ৬টা পর্যন্ত মেহেরপুর জেলার তাপমাত্রা ছিল ৪২.৩ ডিগ্রি সেলসিয়াস।

এছাড়াও তীব্র তাপদাহে শ্রমজীবী মানুষসহ সব শ্রেণিপেশার মানুষের জনজীবন বিপর্যস্ত হয়ে পড়েছে।

মুজিবনগরে সড়ক দুর্ঘটনায় নিহত ১, আহত ৫

মুজিবনগরের কোমরপুর পুলিশ ক্যাম্পের পাশে ট্রলিতে ধাক্কা লেগে এক যুবক নিহত ও ৫ জন আহত হয়েছে।

আজ শানবার দুপুরে এ দুর্ঘটনা ঘটে। নিহতের নাম লিটন আলি (৩৮)। তিনি মুজিবনগর উপজেলার মহাজনপুর ইউনিয়নের বাবর পাড়া গ্রামের নাসির উদ্দীনের ছেলে।

প্রত্যক্ষদর্শীরা জানান, ঘটনার সময় একটি কাঠ বোঝাই ট্রলি ওভারটেক করার চেষ্টা করছিলো। এসময় সময় সামনে থেকে আসা একটি মাটি বহনকারী ট্রলির সাথে মুখোমুখি সংঘর্ষ হয়।

ঘটনাস্থলেই লিটন আলি নিহত হন। আহত হর ৫ জন। স্থানীয়রা তাদের উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করে।

আহতদের মধ্যে রয়েছেন সুমন আলী (২০), ইদ্রিস আলী (৪৫), দেলোয়ার হোসেন (২৬), নজরুল ইসলাম (৬৫) ও আহসান (২০)।

তারা সকলেই রাজমিস্ত্রী এবং লিটনের সাথে একই এলাকার বাসিন্দা। তারা একটি বিল্ডিং এর ছাদ ঢালাই কাজ শেষ করে বাড়ি ফিরছিলেন।

মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) উজ্জল কুমার দত্ত ঘটনার সত্যতা নিশ্চিত করেন।

ওসি বলেন, ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। অভিযোগ পেলে পরবর্তী

গাংনীতে ১২০ বোতল ফেনসিডিলসহ দুই মাদক ব্যবসায়ী আটক

১২০ বোতল ভারতীয় ফেনসিডিলসহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি)।

আটকরা হলেন, মেহেরপুরের গাংনী উপজেলার নওপাড়া গ্রামের মৃত পিয়ার আলীর ছেলে মোহাম্মদ জিয়ারুল ইসলাম (৪৮) ও একই গ্রামের মৃত সোহরাব হোসেনের ছেলে মোঃ হযরত আলী (৪৬)।

মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি) ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো: সাইফুল আলম এই তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, গোপন সংবাদের ভিত্তিতে ডিবি পুলিশের একটি টিম গতকাল শুক্রবার দিবাগত মধ্যরাতে গাংনী উপজেলার ধলা গ্রামের বীলপাড়া এলাকার অভিযান শুরু করে। এসময় বস্তাভর্তি ফেনসিডিল নিয়ে ওই দুই মাদক ব্যবসায়ী যাচ্ছিলেন। এসময় ডিবি পুলিশ দেখে ফেনসিডিল ফেলে পালানোর চেষ্টা করছিলো তারা। ডিবি পুলিশ তাদের আটক করে।

ফেনসিডিল উদ্ধারের ঘটনায় ডিবি পুলিশের পক্ষ থেকে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে গাংনী থানায় একটিরনিয়মিত মামলা দায়ের করা হয়েছে। এছাড়া ফেনসিডিল ও আসামিদের হস্তান্তর করা হয়েছে।

গাংনীর নবীনপুরে ভয়াবহ

অগ্নীকান্ডে তিনটি তামাকঘরসহ বসতবাড়ি ভিষ্মীভুত

গাংনী উপজেলার নওয়াপাড়া নবীন পুর গ্রামে তিন কৃষকের তিনটি তামাক ঘরসহ অগ্মীকান্ডে ভূষ্মীভুত হয়ে অন্তত সাত লক্ষ টাকায় ক্ষয়ক্ষতি হয়েছে। শুক্রবার বিকেল তিনটার দিকে এই অগ্মীকান্ডের ঘটনা ঘটে।

ক্ষতিগ্রস্ত কৃষকরা হলেন,নবীনপুরের খলিলুর রহমাম, আয়নাল হক,নফেজ, রুহুল আমীন,। একই সাথে জহির নামের এক ব্যাক্তির বসতবাড়ি আগুনে ভূষ্মীভুত হয়েছে। অগ্মীদগ্ধ হয়েছে একটি গরু। এতে সকলের প্রায় সাত লক্ষ টাকায় তামাক পুড়েছে।

স্থানীয়রা জানায়, পাশাপাশি তিন কৃষকের তিনটি তামাকঘর। তামাক ঘরের ছায় থেকে প্রথমে আগুনের শুরু হয়। প্রথমে একটি তামাক ঘরে আগুন লাগলে স্থানীয়রা বামুন্দি ফায়ার সার্ভিসকে খবর দেয়। খবর পেয়েও বামুন্দি ফায়ার সার্ভিসের লোকজন শেখানে না আসায় আরও দু’টি তামাকঘরে আগুন লাগে। পরে সে আগুন ছড়িয়ে পড়ে একটি বসতবাড়িতে। ◌্ গ্রামবাসী অনেক চেস্টা করেও আগুন নেভাতে পারেনি। ঘণ্টাব্যাপী অগ্মীকান্ডে তিনটি তামাক ভর্তি ঘর পুড়ে ছাই হয়ে যায়।

নওয়াপাড়া গ্রামের ইউপি সদস্য আনারুল ইসলাম বলেন, আমি সংবাদ শুনে ঘটনাস্থলে গিয়েছি। আগুনে তামাক ভর্তি তিনটি ঘর ও একটি বসতবাড়ি পুড়ে ছাই হয়ে গেছে। বামুন্দি ফায়ার সার্ভিসের খবর দিলেও তারা আগুন নেভাতে আসেনি। এটি দুঃখজনক। সময়মত ফায়ার সার্ভিস টৃীম আসলে হয়তোবা কম ক্ষতি হতো। বিষয়টি উপজেলা নির্বাহী অফিসারকে জানানো হয়েছে।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা জানান বিষয়টি স্থানীয় ইউপি সদস্য আনারুল ইসলাম আমাকে জানিয়েছেন। ক্ষতিগ্রস্তদের বিষয়ে যা করনীয় তা করা হবে।

মেহেরপুরে জাগো বাঙ্গালী ক্রিকেট টুর্নামেন্ট ২০২৪ শুভ উদ্বোধন

মেহেরপুরে জাগো বাঙ্গালী ক্রিকেট টুর্নামেন্ট ২০২৪ এর শুভ উদ্বোধন করা হয়েছে। বিজয়ী টাইগার একাদশ ও রানার্সআপ আমরা ১১ জন একাদশ।

জাগো বাঙ্গালী যুব সংগঠন মেহেরপুর এর আয়োজনে শুক্রবার (১৯ এপ্রিল) বিকেল ৩টার দিকে ছহিউদ্দিন ডিগ্রী কলেজ মাঠ প্রাঙ্গণে এ ক্রিকেট টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়।

উত্তরপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক (অবসরপ্রাপ্ত) মোঃ গোলাম মোস্তফা মাস্টারের সভাপতিত্বে প্রধান অতিথি মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সহ-সভাপতি তূর্য বিশ্বাস।

এছাড়াও এসময় এস এম আসাদুল হাবিব মিলন, তৌফিক আলম রেজওয়ান হ্যাপি, লিজন বিশ্বাস, নামাতুল্লাহ নাটু,শ্রী দীপংকর সাহ দেবু প্রমুখ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে জাগো বাঙালি সংগঠনের কমিটি গঠন

মেহেরপুরে ২১ সদস্য বিশিষ্ট জাগো বাঙালি সংগঠনের ব্যবস্থাপনা পরিচালনা কমিটি গঠন করা হয়েছে।

আজ শুক্রবার (১৯এপ্রিল) বিকেলে ছহিউদ্দিন ডিগ্রি কলেজ মাঠ প্রাঙ্গনে এ নতুন কমিটি গঠন করা হয়।

সভাপতি তূর্য বিশ্বাস ও সাধারণ সম্পাদক মোঃ রাকিবকে করে এই ২১ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়।

কমিটিতে তামিম মাহমুদ, শামীম, মোঃ মোসলেম (মিল) আব্দুল লতিফ, রফিকুল ইসলাম (মদন), মোঃ আজিজুল হক, মোঃ সুজন খান, ওয়ালিউল হক লিজন বিশ্বাসকে উপদেষ্টা করা হয়।

এছাড়াও সহ-সভাপতি আব্দুস সালাম কুমার, যুগ্ম সাধারণ সম্পাদক মোঃ আশরাফুল, সাংগঠনিক সম্পাদক মোঃ সবিজ, দপ্তর সম্পাদক মোঃ সাইফুল ইসলাম শুভ, স্বাস্থ্য বিষয়ক সম্পাদক মোঃ এস এম মিলন, শিল্প ও সাংস্কৃতিক সম্পাদক মোঃ রাসেল, ক্রিয়া বিষয়ক সম্পাদক মোঃ রুবেল, প্রচার সম্পাদক মোঃ আরিফুল, ধর্ম বিষয়ক সম্পাদক মোঃ আহসান হাবীব আশিক, ক্যাশিয়ার মোঃ শিমুল, সমবায় ও ত্রাণ সম্পাদক মোঃ তানিম, সমাজকল্যাণ সম্পাদক মোঃ সোহেল, আইন বিষয়ক সম্পাদক মোঃ সাঈদ, শিক্ষা বিষয়ক সম্পাদক মোঃ সুরুজ্জামান (ছোটন) করা হয়।

কার্যনির্বাহী সদস্য হিসেবে সাগর, রাব্বি,স্বাধীন, সজল, বিপ্লব, স্বপন এর নাম ঘোষণা করা হয়।

গাংনীতে ১১৫ বোতল ফেনসিডিল ও গাঁজাসহ ৫ মাদক ব্যবসায়ী আটক

গাংনী থানা পুলিশের পৃথক চারটি অভিযানে ১১৫ বোতল ভারতীয় ফেনসিডিল, ৪ শ গ্রাম গাঁজাসহ ৫ মাদক ব্যবসায়ীকে আটক করা হয়েছে।

গ্রেফতারকৃতরা হলেন, গাংনী উপজেলার করমদি গ্রামের ছাদের আলীর ছেলে স্বপন আলি (৩৮), আয়ূব আলীর ছেলে লিটন (৪০), পলাশীপাড়া গ্রামের মৃত সুজা উদ্দিনের ছেলে টোফেন ওরফে খালিদ মাহমুদ (৩০),আলমডাঙ্গা উপজেলার নগরবোয়ালিয়া গ্রামের নজরুল ইসলামের ছেলে মামুনর রশিদ (৩০), ও গাংনী উপজেলার ছাতিয়ান গ্রামের আলতাপ হোসেনের ছেলে মো: সজল (২৭)।

গতকাল বৃহস্পতিবার দিবাগত রাতভর আজ শুক্রবার (১৯ এপ্রিল) ভোর পর্যন্ত গাংনী উপজেলার বিভিন্ন স্থানে গাংনী থানা ও ক্যাম্পের পুলিশ পৃথক চারটি অভিযান চালিয়ে তাদের আটক করেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো: তাজুল ইসলাম শুক্রবার বেলা ১২ টার সময় নিজ কার্যালয়ে আনুষ্ঠানিকভাবে এই তথ্য জানান।

তিনি বলেন, করমদি গ্রামের স্বপন আলি ও লিটনকে ১০৫ বোতল ভারতীয় ফেনসিডিলসহ আটক করা হয়েছে। এব্যাপারে মাদকদ্রব্যর নিয়ন্ত্রণ আইন ২০১৮ সালের ৩৬(১) সারণীর ১৪(গ) ধারায় গাংনী থানায় মামলা রুজ্জু করা হয়েছে, মামলা নং ২৬, পলাশীপাড়া গ্রামের টোফেন ওরফে খালিদ মাহমুদকে ১০ বোতল ফেনসিডিল ও একটি মোটরসাইকেলসহ আটক করা হয়েছে। তার বিরুদ্ধে ধারা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর সারণীর ১৪(খ) ধারায় মামলা নং ২৩, আলমডাঙ্গা উপজেলার নগরবোয়ালিয়া গ্রামের মামুনর রশিদকে ২০০ গ্রাম গাঁজাসহ আটক করা হয়েছে। তার বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ৩৬(১) সারণীর ১৯(ক), ধারায় দায়ের করা মামলা নং ২৪, গাংনী উপজেলার ছাতিয়ান গ্রামের মো: সজলকে ২০০ গ্রাম গাঁজাসহ আটক করা হয়েছে। তার বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ সালের ৩৬(১) এর সারণীর ১৯(ক) ধারায় দায়ের করা মামলা নং ২৪, ১৯/০৪/২৪।

আটককৃতদের আজ শুক্রবার (১৯ এপ্রিল) বেলা ১২ টার দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মুজিবনগরে প্রাণীসম্পদ সেবা সপ্তাহ ও প্রদর্শনীর উদ্বোধন

“প্রাণীসম্পদে ভরবো দেশ গড়বো স্মাট বাংলাদেশ”স্মাট লাইভস্টক স্মার্ট বাংলাদেশ ” এই প্রতিপাদ্য প্রাণীসম্পদ সেবা সপ্তাহ ও প্রদর্শনী-২০২৪ এর শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার সকাল ১১ উপজেলা প্রাণীসম্পদ ও ভেটেরিনারি হাসপাতাল এর বাস্তবায়নে এবং প্রাণীসম্পদ অধিদপ্তর এর প্রাণীসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্পের সহযোগীতায়, উপজেলার বল্লভপুর গ্রামের খাল সংলগ্ন আমবাগানে এ উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

প্রাণীসম্পদ সেবা সপ্তাহ ও প্রদর্শনীর উদ্বোধন অনুষ্ঠানে উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলামের সভাপতিত্বে ভারচুয়ালি প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে এক যোগে সমগ্র দেশে প্রাণীসম্পদ সেবা সপ্তাহের উদ্বোধন করেন, গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা কৃষি অফিসার আব্দুল মোমিন, উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা মোহাম্মদ রকিবউদ্দীন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা, উপজেলা বিআরডিপি কর্মকর্তা কাওছার আলী, উপজেলা প্রাণীসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা ডা:তানিয়া আক্তার, উপজেলা উপসহকারী প্রাণীসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা জয়নাল আবেদিন সহ প্রাণীসম্পদ অফিসের কর্মকর্তা।

এছাড়াও সদস্য সচিব হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা ডা: মোহাম্মদ হারিছুল আবিদ।

প্রাণীসম্পদ সেবা সপ্তাহ ২০২৪ উপলক্ষে সপ্তাহ ব্যাপি বিনামূল্যে টিকাদান কর্মসূচি, বিনামূল্য কৃমিনাশক বিতরণ, স্কুল ফিডিং কর্মসূচি সহ বিভিন্ন সেবামূলক কার্যকম পালন করবে উপজেলা প্রণীসম্পদ দপ্তর ও ভেটেরিনারী হাসপাতাল।